

বাংলা ট্রিবিউন

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের বইয়ের মোড়ক উন্মোচন

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশিত: ২০:০৪, জুন ০৩, ২০১৮ | সর্বশেষ আপডেট: ২০:১৩, জুন ০৩, ২০১৮



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের রচিত দুটি বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. আদনান মোর্শেদ ও আবুল ফজল মাহমুদ-উন-নবীর যৌথভাবে লেখা নদী বিষয়ক গ্রন্থ 'রিভার র্‌যাপসোডি: অ্যা মিউজিয়াম অফ রিভার্স অ্যান্ড ক্যানেল' ও পোল্যান্ডের পোজান বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্যাটারজাইনা নাওরুট ও গবেষক জেরি ক্লেরের প্রবন্ধ 'দ্য রাইজ অফ মেগাসিটি' এর মোড়ক উন্মোচিত হয়েছে।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে বই দুটির মোড়ক উন্মোচন করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সৈয়দ সাদ আন্দালিব ও ইকোনমিক্স অ্যান্ড সোস্যাল সায়েন্স বিভাগের সভাপতি ড. এটিএম নুরুল আমিন।

‘রিভার র্‌যাপসোডি: অ্যা মিউজিয়াম অফ রিভার্স অ্যান্ড ক্যানেল’ মূলত দেশের মৃতপ্রায় নদীগুলোকে বাঁচানোর একটি পরিকল্পনা। ড. আদনান মোর্শেদ এবং আবুল ফজল মাহমুদ-উন-নবীর নির্দেশনায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১৯ শিক্ষার্থীর ৬টি দল এ পরিকল্পনা নিয়ে কাজ করেছেন। হারিয়ে যেতে বসা নদীগুলোকে সংরক্ষণ করার পাশাপাশি নদীগুলোর গল্প তুলে ধরার তাগিদ থেকে একটি জাদুঘরের রূপরেখা তুলে ধরা হয়েছে।

বইটির মোড়ক উন্মোচনকালে ড. এটিএম নুরুল আমিন বলেন, একটা সময় বাংলাদেশকে নদীমাতৃক দেশ, শস্যে-শ্যামলা, সুজলা-সুফলা বলা হলেও এখন আর জোর করে সেগুলো বলার জো নেই। উন্নয়নের নামে নিজ হাতে দেশের প্রাণ এই নদীগুলোকে আমরা হত্যা করছি। বুড়িগঙ্গা ধ্বসের পর ট্যানারি শিল্প সরিয়ে নিয়ে আরেকটি নদীকে হত্যা করতে চলেছি আমরা।

এর আগে পোলিশ অ্যাকাডেমি অফ সায়েন্স এর গবেষক জেরি ক্লের ও পোজান বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল ইকোনমিক্স অ্যান্ড বিজনেস অ্যান্ড কমিটি অফ ফিউচার স্টাডিজ বিভাগের সহকারী প্রফেসর ক্যাটারজাইনা নাওরুট এর ‘দ্য রাইজ অফ মেগাসিটি’ এর মোড়ক উন্মোচন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সৈয়দ সাদ আন্দালিব।

‘দ্য রাইজ অফ মেগাসিটি’ প্রসঙ্গে বলতে গিয়ে প্রফেসর ক্যাটারজাইনা নাওরুট বলেন, ঢাকা, দিল্লি, টোকিও, সাংহাইয়ের মতো মেগাসিটিগুলো দ্রুত সম্প্রসারিত হচ্ছে। ২০৩০ সালের মধ্যে বিশ্বে মেগাসিটির সংখ্যা দাঁড়াবে ৪১টিতে। এই সময়ের মধ্যে কেবল মেগাসিটিগুলোতেই বাস করবে বিশ্বের ৭২৯ মিলিয়ন মানুষ।

এতো বেশি সংখ্যক মানুষের ভারে নুজ্য হয়ে পড়া মেগাসিটিতে অবকাঠামো, স্যানিটেশন, বিশুদ্ধ পানি, জমি স্বল্পতা, সামাজিক নিরাপত্তা ব্যহত হবে বলে জানান প্রফেসর ক্যাটারজাইনা নাওরুট। বইটিতে এই সম্যাগুলো কাটিয়ে ওঠার ক্ষেত্রে বিভিন্ন সমাধানের পথও বাতলে দিয়েছেন তিনি।